দৈনিক বাংলা

তারিখ ... ২৫/১/৮১ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...



481

# ডাকঘরে বই বিক্রিঃ ষষ্ঠ ও ৭ম শ্রেণীর নতুন বই বোর্ড এখনো দেয়নি

১লা জানুয়ারী থেকে দেশের বিভিন্ন ডাকঘরের মাধ্যমে স্কুল টেক্সট বুক বোর্ড কর্তৃক প্রকাশিত পাঠ্যবইসমূহের বিক্রয় শুরু হয়েছে। এ পর্যন্ত বোর্ডের কাছ থেকে ১ কোটি ৬৯ লক্ষ বই বরাদ্দ পাওয়া গেছে। তার মধ্যে ১ কোটি ৬৬ লক্ষ বই দেশের বিভিন্ন ডাকঘরে বিক্রয়ের জন্য পাঠানো হয়েছে।

অনেক স্কুল কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্র নির্ধারিত ডাকঘরে এখনও পৌঁছাননি। এ ব্যাপারে বিস্তারিত নিয়মাবলী প্রত্যেক স্কুল কর্তৃপক্ষকে জানানো হয়েছে। যে সব স্কুল কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের নামের তালিকা ও পরিচয়পত্র এখনও পাঠাননি তাদের এগুলো নির্ধারিত ডাকঘরে পাঠাবার জন্য অনুরোধ করা হয়েছে।

৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর কোনো কোনো পুস্তক বোর্ড কর্তৃক নূতন ভাবে ছাপা হচ্ছে, যেমন—৬ষ্ঠ শ্রেণীর বিজ্ঞান পরিচয় ও সমাজ বিজ্ঞান এবং ৭ম শ্রেণীর বাংলা, ইংরেজী, অংক (পাটীগণিত ও বীজ গণিত) ও জ্যামিতি। এসব বই বোর্ড থেকে বরাদ্দ পাওয়ার পর ডাকঘরে বিক্রয়ের জন্য পাওয়া যাবে। আশা করা যায় ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে বইগুলো ডাকঘরে বিক্রয়ের জন্য পাওয়া যাবে।

৪র্থ, ৫ম ও ৭ম শ্রেণীর কয়েকটি বই বোর্ড কর্তৃক প্রকাশিত নয়, যেমন—৪র্থ শ্রেণীর সমাজ ও বিজ্ঞান, ৫ম শ্রেণীর সমাজ ও বিজ্ঞান এবং ৭ম শ্রেণীর বাংলা দ্রুতপঠন, বাংলা রচনা, বাংলা ব্যাকরণ, আরবী ও সংস্কৃত। এই বইগুলো বোর্ডের অনুমোদনক্রমে বেসরকারী প্রকাশক কর্তৃক প্রকাশিত এবং সরাসরি ছাত্রছাত্রীদের নিকট বিক্রয় হবে। অতএব এসব বই ডাকঘরের মাধ্যমে বিক্রয় হবে না। ডাকঘর থেকে সুষ্ঠুভাবে ছাত্রছাত্রীদের নিকট বই বিক্রয়ের জন্য জনসাধারণ ও স্কুল কর্তৃপক্ষসমূহের সহযোগিতা কামনা করা হয়েছে।

গতকাল এক সরকারী তথ্য বিবরণীতে একথা বলা হয়।